

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮৮

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

আরবী

وَعَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ «مَنْ نَابَهُ شَيْءٌ فِي صَلَاتِهِ فَلْيُسَبِّحْ فَإِنَّمَا التَّصْفِيقُ لِلنِّسَاءِ» وَفِى رِوَايَةٍ: قَالَ: «التَّسْبِيحُ لِلرِّجَالِ والتصفيق للنِّسَاء»

বাংলা

৯৮৮-[১১] সাহল ইবনু সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ সালাতের মধ্যে যে ব্যক্তির কাছে কোন কিছু আপতিত হয় সে ব্যক্তি যেন 'সুবহা-নাল্ল-হ' পড়ে নেয়। আর হাত তালি একমাত্র মহিলাদের জন্য নির্দিষ্ট।

আরো এক বর্ণনায় আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, 'তাসবীহ পড়া পুরুষদের বেলায়, আর হাত তালি দেয়া নারীদের বেলায় প্রযোজ্য। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ৬৮৩, ১২০৩, মুসলিম ৪২১, ৪২২।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (التَّصْفِيقُ لِلنِسَاءِ) হাতের তালুতে তালু লাগিয়ে আওয়াজ করা মহিলাদের জন্য বিধিবদ্ধ। কেননা মহিলাদের গলার আওয়াজ পর্দার অন্তর্ভুক্ত। জমহূর 'উলামাদের অভিমত এই যে, সালাতে কোন বিঘ্ন ঘটলে পুরুষ 'সুবহানা-ল্ল-হ' বলবে আর মহিলা হাতের তালুতে তালু মেরে সতর্ক করবে। ইমাম মালিক-এর মতে নারী পুরুষ সবাই 'সুবহা-নাল্ল-হ' বলবে। ইমাম কুরতুবী বলেনঃ নারীদের জন্য হাতের তালুতে তালু মেরে আওয়াজ করে সতর্ক করার বিধান প্রমাণ ও যুক্তিগত উভয় থেকেই সঠিক। কেননা মহিলাদের কণ্ঠস্বর নিম্নগামী করতে তারা



আদিষ্ট। এজন্যই তারা আযান দিতে পারে না এবং পুরুষের উপস্থিতিতে ইক্বামাত দিতে পারবে না। আর পুরুষদের জন্য হাতে তালি বাজানো নিষেধ এজন্য যে, তা মহিলাদের বৈশিষ্ট্য।

হাদীসের শিক্ষাঃ

- 1. সালাতরত ব্যক্তি যদি ক্বিবলার দিক থেকে মুখ না ফিরিয়ে কোন দিকে তাকায় তাতে সালাত বিনষ্ট হয় না।
- 2. মহিলাদের জন্য সুন্নাত হল হাতে তালি বাজিয়ে তারা ইমামকে সতর্ক করবে। আর পুরুষদের জন্য সুন্নাত হল তারা 'সুবহানাল্ল-হ' বলবে।
- 3. ইমামকে সতর্ক করার জন্য পুরুষ মুক্তাদী যদি 'সুবহা-নাল্ল-হ' বলে এবং মহিলা মুক্তাদী হাতে তালি বাজায় তাহলে তাদের সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্ট হয় না।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন